ঝিনাইদহে বিএনপি নেতার পক্ষ থেকে নারীদের সেলাই মেশিন বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঝিনাইদহে ১৪৪ জন নারীর মাঝে সেলাই মেশিন বিতরণ করেছেন জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদ।

সোমবার সকালে ঝিনাইদহ শহরের ফজর আলী গার্লস স্কুল অ্যান্ড কলেজ মাঠে এই উপহার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জেলা বিএনপির নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেনÑসাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সহ-সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সিনিয়র সহ-সভাপতি আক্তারুজ্জামান, সহ-সভাপতি এনামুল কবির মুকুল, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, মহিলা দলের সভাপতি কামরুন্নাহার লিজি, যুগ্ম সম্পাদক এম শাহজাহান, যুবদলের সভাপতি আহসান হাবীব রনক, সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু এবং সহ-দপ্তর সম্পাদক সাকিব আহমেদ বাপ্পি প্রমুখ।

বিতরণ অনুষ্ঠানের আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, সদর উপজেলার ১৩টি ইউনিয়ন ও সদর পৌরসভার ১৪৪ জন নারীর মাঝে এই সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। পুরো কার্যক্রমটি জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদের ব্যক্তিগত অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

অ্যাডভোকেট এমএ মজিদ বলেন, “নারীদের স্বাবলম্বী করে তোলাই আমাদের এই উদ্যোগের মূল উদ্দেশ্য। একটি সেলাই মেশিন একটি পরিবারের জীবনে পরিবর্তন আনতে পারে। আমি বিশ্বাস করি, এই উপহারের মাধ্যমে ১৪৪টি পরিবারে নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে এবং পরিবারগুলোর স্বচ্ছলতা আসবে।”

তিনি আরও বলেন, “সমাজের প্রত্যেকের উচিত নিজ নিজ জায়গা থেকে মানবতার কল্যাণে এগিয়ে আসা। এই উদ্যোগ নারীদের আত্মকর্মসংস্থানের পথে একটি ছোট কিন্তু গুরুত্বপূর্ণ পদক্ষেপ।”

ঝিনাইদহে নারী ও শিশুর প্রতি সহিংসতা, ধর্ষণের প্রতিবাদে মানববন্ধন

ঝিনাইদহে নারী ও শিশুর প্রতি সহিংসতা ও ধর্ষনের মত অপরাধের প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

রোববার (১৬ মার্চ) সকালে শহরের পায়রা চত্তেও এ কর্মসূচির আয়োজন করে সচেতন নাগরিক কমিটি (সনাক) জেলা শাখা। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনের নেতৃবৃন্দসহ নানা শ্রেণিপেশার মানুষ অংশ নেয়।

মানববন্ধনে টিআইবি’র এরিয়া কো- অর্ডিনেটর হুমায়ুন কবির, সনাক সহ-সভাপতি আহমেদ হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। মানববন্ধনে বক্তারা বলেন, মানবিকতা ও মূল্যবোধের অবক্ষয় ধর্ষণের অন্যতম কারণ।

এ ক্ষেত্রে আইনের সঠিক প্রয়োগের পাশাপাশি মানুষের সচেতনতা খুবই জরুরি।

মেহেরপুরের আমঝুপিতে শিশু ও নারী নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন

বাংলাদেশের বিভিন্ন প্রান্তে শিশু ও নারী নির্যাতনের প্রতিবাদে মেহেরপুরের আমঝুপিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টার দিকে মউকের প্রধান কার্যালয়ের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

শিশু ও কিশোরীদের প্রতি সহিংসতা বন্ধের আহ্বান জানিয়ে বক্তব্য

দেন মউকের সিনিয়র ম্যানেজার মুরাদ হোসেন ও প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার।

এতে জনপ্রতিনিধি, সাংবাদিক, যুবসমাজের প্রতিনিধি এবং বিভিন্ন শ্রেণি-পেশার প্রায় অর্ধ শতাধিক মানুষ অংশগ্রহণ করেন।

ঝিনাইদহে আন্তর্জাতিক নারী দিবস পালিত

‘অধিকার, সমতা, ক্ষমতায়ন, নারী ও কন্যার উন্নয়ন’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে।

শনিবার (৮ মার্চ) সকালে শহরের পায়রা চত্বরে এ উপলক্ষে মানববন্ধন ও পথসভার আয়োজন করে মানবাধিকার ডিফেন্ডার নেটওয়ার্ক।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে বিভিন্ন মানবাধিকার সংগঠনের সদস্যসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। এতে বক্তব্য রাখেন, ঝিনাইদহ বিসিকের উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান, মানবাধিকার ডিফেন্ডার নেটওয়ার্কের সভাপতি আমিনুর রহমান টুকু, সাধারণ সম্পাদক শরিফা খাতুন, সদস্য এন এম শাহজালাল, এডাপের সভাপতি মিজানুর রহমান, সদস্য জান্নাতুল ফেরদৌস লাকীসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ।

মানববন্ধন ও পথসভা শেষে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে ওয়েলফেয়ার এফোর্টস (উই) কার্যালয়ে গিয়ে শেষ হয়।

পরে সেখানে এডাব’র আয়োজনে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এতে বক্তারা নারীর উন্নয়ন ও ক্ষমতায়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। নারীদের শিক্ষা, অর্থনৈতিক মুক্তি, সহিংসতা প্রতিরোধ, কর্মক্ষেত্রে সমঅধিকার এবং নীতিনির্ধারণী পর্যায়ে নারীদের অংশগ্রহণ বৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করা হয়। আলোচনা সভায় বিভিন্ন মানবাধিকার সংগঠনের নেতৃবৃন্দ, সমাজকর্মী, শিক্ষক, সাংবাদিকসহ নানা শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমঝুপিতে আন্তর্জাতিক নারী দিবস উদযাপিত

মেহেরপুরের আমঝুপিতে যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে আন্তর্জাতিক নারী দিবস। দিবসটি উপলক্ষে মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এবং এএলআরডি’র যৌথ উদ্যোগে এক বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

শনিবার (৮ মার্চ) সকাল ১০টায় মউকের হলরুমে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সাবেক শিক্ষক হাজী আজগর আলী মাস্টার। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মউকের নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। স্বাগত বক্তব্য রাখেন মউকের প্রোগ্রাম ম্যানেজার ও নারী নেত্রী ফাহিমা খাতুন এবং কাজল রেখা।

মানবাধিকার কর্মী সাদ আহাম্মদের সঞ্চালনায় আলোচনা সভায় নারী অধিকার ও নির্যাতন প্রতিরোধ বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন এডুকেশন প্রকল্পের উপজেলা প্রোগ্রাম ম্যানেজার শিরিন আক্তার।

এছাড়াও এসময় সাবেক কাউন্সিলর আব্দুর রহিম, আমঝুপি ইউপি সদস্য সালমা বেগম, আরিফ হোসেন, সমাজসেবক শহীদুল্লাহ এবং আব্দুর রকিব উপস্থিত ছিলেন।

আলোচনায় নারী নির্যাতনের বর্তমান চিত্র, এর কারণ ও প্রতিকার, বাল্যবিবাহ রোধসহ নারীর অধিকার প্রতিষ্ঠার বিভিন্ন দিক তুলে ধরা হয়। এর আগে একটি র্যালি আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

মেহেরপুরে আন্তর্জাতিক নারী

দিবস পালিত

“অধিকার, সমতা, ক্ষমতায়ন নারী ও কন্যার উন্নয়ন” এই প্রতিপাদ্যে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

শনিবার সকাল ১১টায় মেহেরপুর মহিলা বিষয়ক অধিদপ্তর ও জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ পরিচালক নাসিমা খাতুনের সভপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক সিফাত মেনহাজ। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট তানজিনা শারমিন দৃষ্টির সঞ্চালনায় এছাড়াও এসময় অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, সহকারী কমিশনার সাজেদুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক ফুয়াদ খান, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, উম্মে হানি ও তৃপ্তি কনা বিশ্বাস প্রমুখ উপস্থিত ছিলেন।

দর্শনার সাড়াবাড়িয়ায় নারী সমাবেশ অনুষ্ঠিত

দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের সড়াবাড়িয়া সরকরী প্রাথমিক বিদ্যালয়ে নারী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল সাড়ে ১১টায় চুয়াডাঙ্গা জেলা তথ্য অফিসের আয়োজনে গণ-যোগাযোগ অধিদপ্তর ও সম্প্রচার মন্ত্রালয়ের বাস্তবায়নে এ নারী সমাবেশ অনুষ্ঠিত হয়।

তারুণ্য নির্ভিক উন্নত সমৃদ্ধি বৈষম্যহীন ও জবাবদিহিতা বাংলাদেশ গড়ে তুলতে এবং বিভিন্ন সামাজিক ইস্যুতে জনগণকে উদ্বুদ্ধ করণের

লক্ষে এ নারী সমাবেশের আয়োজন করা হয়। এ সমাবেশে সড়াবাড়িয়া প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের প্রায় শতাধিক মায়েরা উপস্থিত ছিলেন।

নারী সমাবেশে চুয়াডাঙ্গা জেলা তথ্য কর্মকতার্ শিল্পী মন্ডল সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কে এম তাসফিকুর রহমান দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভুমি)।

তিনি তার বক্তব্য রাখতে গিয়ে বলেন, শিশুদের যে ভাবে তার পরিবার ছোট থেকে গড়ে তুলবে সেভাবেই সে গড়ে উঠবে। প্রতিটি পরিবার একটি হাই কমান্ড মা-বাবা তাদের যে ভাবে লালন পালন করবে সে সেই ভাবেই প্রতিষ্ঠিত হবে। ছোট ছোট কমলমতি শিশুদের হাতে মোবাইল ফোন তুলে দেবেন না। এতে করে তারা মোবাইল আশক্ত হয়ে পড়বে। ফলে শিশুদের ব্রেন প্রসারিত হতে পারবে না। চোখের সমস্যা হবে। এ বিষয় মায়েদের সর্তক হতে হবে। এছাড়া শিশুরা যাতে মাদক যুক্ত হতে না পারে সে দিকে লক্ষ রাখতে হবে। এছাড়া তথ্য অধিকার, ইভটিজিং, বাল্য বিবাহ, মাদক ও পরিবেশ সংরক্ষণে প্রতিটি মা ও বাবাকে তার সন্তানের প্রতি সর্তক ও খেয়াল রাখতে হবে। ছেলে -মেয়ে যাতে বিপথে না যেতে পারে।

এছাড়া বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, প্রাথমিক শিক্ষা অফিসার আবু হাসান, সহকারী শিক্ষা অফিসার নুর ইসলাম ও সড়াবাড়িয়া প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরা খানম। অনুষ্ঠান পরিচালনা করেন, জেলা উচ্চমান সহকারী অফিসের আব্দুর রাজ্জাক।

ঝিনাইদহে নারী উদ্যোক্তাদের ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণ

ঝিনাইদহে গ্রামীণ পর্যায়ের নারী উদ্যোক্তাদের ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধি ও নারীর ক্ষমতায়ন নিশ্চিত করতে ই-কমার্স বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এই প্রশিক্ষণের আয়োজন

করে তথ্য আপা প্রকল্প (২য়)। কর্মশালার সভাপতিত্ব করেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য আপা প্রকল্পের প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব) শাহনাজ বেগম নীনা। বিশেষ অতিথি ছিলেন উপ-প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব) এস এম নাজিমুল ইসলাম।

উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলার তথ্যসেবা কর্মকর্তা তানিয়া সুলতানা, সদরের হিরা খাতুন, শৈলকুপার ইন্দিনা কাদির, মহেশপুরের আয়েশা খাতুন, কালীগঞ্জের পপি রানী রায়, হরিণাকুন্ডুর শামীম আক্তার, সদরের তথ্যসেবা সহকারী মাহমুদা রহমান ও সনজিতা রহমান।

কর্মশালায় ঝিনাইদহের ৬টি উপজেলার অর্ধশত নারী উদ্যোক্তা অংশ নেন। দিনব্যাপী এই প্রশিক্ষণে ই-কমার্সের গুরুত্ব, লালসালু ডট কম প্ল্যাটফর্মের কার্যক্রম এবং ডিজিটাল ব্যবসার সুযোগ-সুবিধা নিয়ে আলোচনা করা হয়। উদ্যোক্তাদের প্রযুক্তি ব্যবহারের দক্ষতা বৃদ্ধি, অনলাইন মার্কেটপ্লেসে ব্যবসা সম্প্রসারণ এবং ডিজিটাল উদ্যোক্তা হিসেবে সফল হওয়ার কৌশল নিয়ে দিকনির্দেশনা দেওয়া হয়।

আয়োজকরা আশা করেন, এই প্রশিক্ষণ কর্মশালা নারী উদ্যোক্তাদের স্বাবলম্বী হতে সহায়তা করবে এবং ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে তাদের ব্যবসায়িক সম্ভাবনা উন্মোচন করবে।

ঝিনাইদহে মুখঢাকা নারীদের এনআইডি না দেয়াই মানববন্ধন

মুখ ঢেকে পর্দা করা নারীদের ১৬ বছর যাবত নাগরিকত্ব না দেওয়ার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

গতকাল সোমবার সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে ঝিনাইদহ মহিলা আনজুমান।

এতে ব্যানার ফেস্টুন নিয়ে ঝিনাইদহ মহিলা আনজুমান এর পক্ষে আহমদ মানসুরা, সংগঠনটির অন্যান্য সদস্যসহ পর্দানশীন নারীরা অংশ নেয়।

সেসময় বক্তারা বলেন, বিগত ১৬ বছর যাবত পর্দানশীন নারীদের মানবাধিকার হরণ করা হচ্ছে। পর্দানশীন নারীদের ধর্মীয় ও প্রাইভেসীর অধিকার অক্ষুন্ন রেখে এনআইডি প্রদান, বায়োমেট্রিক ফিঙ্গারপ্রিন্ট ব্যবস্থা জোরদার করে এনআইডি প্রদান করতে হবে। দ্রুত তাদের দাবী মানা না হলে দেশব্যাপী ধর্মপ্রাণ মুসলমান নারী- পুরুষ মাঠে নামবে বলেও হুশিয়ারী দেন তারা।

ঝিনাইদহে নারীদের মাঝে বিনামুল্যে বাছুর বিতরণ

নারীদের আত্মকর্মসংস্থানের মাধ্যমে পরিবারের আর্থিক স্বচ্ছলতা বাড়াতে ঝিনাইদহে হতদরিদ্র পরিবারদের মাঝে বিনামূল্যে গাভী গরুর বাছুর বিতরণ করা হয়েছে।

শনিবার সকালে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের পরানপুর গ্রামে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে এ অনুষ্ঠানের আয়োজন করে ঝিনাইদহের যৌথ অগ্রসরমান সৃজক সংস্থা (জাগো)।

জাগো’র নির্বাহী পরিচালক সাজ্জাদুল শরীফ’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. জিল্লুর রহমান এনডিসি। সেসময় উপস্থিত ছিলেন হরিশংকরপুর ইউনিয়নের সদস্য আব্দুল বারী, সংরক্ষিত নারী আসনের সদস্য সালমা খাতুন, জাগোর নির্বাহী সদস্য সাইফুল ইসলাম, প্রকল্প সমন্বয়ক এস এম নাজির আরেফিনসহ অন্যান্যরা।

অনুষ্ঠানে সদর উপজেলার হরিশংকরপুর ইউনিয়নের পরানপুর গ্রামের ৫ জন নারীর মাঝে গরুর বকনা বাছুর বিতরণ করা হয়। এর আগে গাভী পালনের উপর ওই নারীদের ১ দিনের প্রশিক্ষণ প্রদাণ করা হয়। প্রশিক্ষণ প্রদাণ করেন সদর প্রাণীসম্পদ কর্মকর্তা ডা: তারেক হাসান মুসা।